# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২০৫/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ২২ এপ্রিল ২০১৮, ৯ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা প্রত্যাবাসনে একমত কমনওয়েলথ সরকারপ্রধানরা

২। দণ্ডপ্রাপ্ত তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনা হবে : লন্ডনে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। ওয়াশিংটনে বিশ্বব্যাংক ও আইএমএফের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে অর্থমন্ত্রীর বৈঠক

৪। পদ্মা নামে নতুন বিভাগ হচ্ছে, যার সদরদপ্তর হবে ফরিদপুর : স্থানীয় সরকারমন্ত্রী

৫। সংযুক্ত আরব আমিরাতে দক্ষ শ্রমিক পাঠাতে প্রস্তুত বাংলাদেশ : প্রবাসীকল্যাণ মন্ত্রী

৬। সাংবাদিকদের জন্য মহার্ঘভাতার প্রজ্ঞাপন জারি শীঘ্রই : ডিআরইউতে তথ্যমন্ত্রী

৭। আজ ভারত যাচ্ছে আওয়ামী লীগ প্রতিনিধিদল : আগামীকাল নরেন্দ্র মোদির সাথে বৈঠক

৮। প্রতিবন্ধীদের উন্নয়নে সমন্বিত পদক্ষেপ নিতে হবে : সমাজকল্যাণ মন্ত্রী

৯। আধুনিক শিক্ষার সঙ্গে সততা ও ন্যায়নিষ্ঠার দীক্ষাও জরুরি :
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

১০। মাছের উৎপাদন বাড়াতে দুর্গম এলাকার সঙ্গেও যোগাযোগ উন্নত করা হবে : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা প্রত্যাবাসনে একমত কমনওয়েলথ সরকারপ্রধানরা**

মিয়ানমারে রোহিঙ্গা নিপীড়ন বন্ধ, হত্যাকান্ডের সঙ্গে জড়িতদের শাস্তি নিশ্চিত করা এবং রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনের বিষয়ে একমত হয়েছে কমনওয়েলথভুক্ত দেশগুলোর সরকারপ্রধানরা। এ বিষয়ে গত ২০ এপ্রিল শুক্রবার ৫৩ জাতির গ্রুপ কমনওয়েলথে যৌথ ইশতেহার উপস্থাপন করা হয়। কমনওয়েলথ সরকারপ্রধানদের ২৫তম সম্মেলনে সর্বসম্মতভাবে এ ইশতেহার গ্রহণ করে উপস্থিত সব রাষ্ট্রপ্রধানরা। ইশতেহারে বলা হয়, 'সরকার প্রধানরা জাতিগত নিধন বন্ধ ও স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনা এবং স্বাধীন তদন্তের মাধ্যমে মানবাধিকার লঙ্ঘনে জড়িতদের বিচারের আওতায় আনার আহ্বান জানাচ্ছেন'। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **দণ্ডপ্রাপ্ত তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনা হবে : লন্ডনে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপারসন তারেক রহমানকে যেভাবেই হোক দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করার অঙ্গীকার ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সরকার তারেক রহমানকে ফেরানোর প্রক্রিয়া অব্যাহত রেখেছে। ইতোমধ্যে এ বিষয়ে ব্রিটিশ সরকারের সঙ্গে কথা হয়েছে। গতকাল (২১ এপ্রিল শনিবার) কেন্দ্রীয় লন্ডনের সেন্ট্রাল হলে যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। বাংলাদেশ উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করায় এ সংবর্ধনা আয়োজন করা হয়। প্রধানমন্ত্রী তাঁর দীর্ঘ বক্তৃতায় সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের বর্ণনা দেন।। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৩। **ওয়াশিংটনে বিশ্বব্যাংক ও আইএমএফের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে অর্থমন্ত্রীর বৈঠক**

যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে গত ২০ এপ্রিল শুক্রবার শুরু হয়েছে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বসন্তকালীন বৈঠক। তিন দিনের এ বৈঠকে দুই সংস্থার সদস্যভুক্ত দেশগুলোর অর্থমন্ত্রীসহ সরকারি নীতিনির্ধারক পর্যায়ের কর্মকর্তারা অংশ নেন। বাংলাদেশের অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের নেতৃত্বে একটি প্রতিনিধিদল এ বৈঠকে যোগ দেন। প্রথম দিনে বিশ্বব্যাংক ও আইএমএফের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে পৃথক বৈঠক করেন অর্থমন্ত্রী। এসব বৈঠকে বাংলাদেশের অগ্রগতি তুলে ধরে চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সহজ শর্তে আরও বেশি ঋণ দেওয়ার জন্য বিশ্বব্যাংক ও আইএমএফের প্রতি আহ্বান জানান তিনি। বিশ্বব্যাংক ও আইএমএফ প্রতিনিধিরা বর্তমান সরকারের গৃহীত কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং আগামীতে আরও সহায়তা প্রদানের আশ্বাস দেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬)।

৪। **পদ্মা নামে নতুন বিভাগ হচ্ছে, যার সদরদপ্তর হবে ফরিদপুর : স্থানীয় সরকারমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, পদ্মা নামে নতুন বিভাগ করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে সরকার, যার সদরদপ্তর হবে ফরিদপুরে। গতকাল (২১ এপ্রিল শনিবার) ফরিদপুর শহরের জসিম উদ্দীন হলে সদর উপজেলার ১১টি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত নারী সদস্যদের শপথগ্রহণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৮)।

৫। **সংযুক্ত আরব আমিরাতে দক্ষ শ্রমিক পাঠাতে প্রস্তুত বাংলাদেশ : প্রবাসীকল্যাণ মন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানবিষয়ক মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, দীর্ঘদিন পর আরব আমিরাতের শ্রম বাজার খোলায় সেখানে বিপুলসংখ্যক বাংলাদেশির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। সেখানে দক্ষ শ্রমিক পাঠানোর বিষয়টি সেখানকার চাহিদার ওপর নির্ভর করছে। তবে এক্ষেত্রে বাংলাদেশ পুরোপুরি প্রস্তুত

রয়েছে। গতকাল (২১ এপ্রিল শনিবার) সিলেটে বিদেশগামী কর্মীদের স্মার্টকার্ড বিতরণ এবং বৈদেশিক কর্মসংস্থানে দক্ষ কর্মী পাঠানোর লক্ষ্যে ড্রাইভিং, ক্যাটারিং ও ভাষা শিক্ষা এবং অনলাইন ভর্তি কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৬। সাংবাদিকদের জন্য মহার্ঘভাতার প্রজ্ঞাপন জারি শীঘ্রই : ডিআরইউতে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাংবাদিকদের বেতন বাড়াতে ওয়েজবোর্ড গঠনের পর মহার্ঘভাতার প্রজ্ঞাপন জারির জন্য তথ্য মন্ত্রণালয় এরই মধ্যে সব ধরনের প্রক্রিয়া শেষ করেছে। প্রধানমন্ত্রী দেশে ফিরলেই প্রজ্ঞাপন জারি করা হবে এবং এপ্রিলের মধ্যেই সেটি সম্ভব হবে। গতকাল (২১ এপ্রিল শনিবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

**৭। আজ ভারত যাচ্ছে আওয়ামী লীগ প্রতিনিধিদল : আগামীকাল নরেন্দ্র মোদির সাথে বৈঠক**

আওয়ামী লীগের ১৯ সদস্যের প্রতিনিধিদল আজ (২২ এপ্রিল রোববার) ভারত সফরে যাচ্ছে। ভারতে ক্ষমতাসীন দল বিজেপির আমন্ত্রণে তিন দিনের এ সফরে প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আগামীকাল ২৩ এপ্রিল সোমবার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করবে প্রতিনিধিদল। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৮। প্রতিবন্ধীদের উন্নয়নে সমন্বিত পদক্ষেপ নিতে হবে : সমাজকল্যাণ মন্ত্রী**

সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, দৃষ্টি প্রতিবন্ধীদের উন্নয়নে সমন্বিত পদক্ষেপ নেওয়া জরুরি। আইন প্রণয়ন ও তার বাস্তবায়ন এবং সচেতনতাই পারে প্রতিবন্ধীদের উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে। এ লক্ষ্যে বর্তমান সরকার কাজ করছে। গতকাল (২১ এপ্রিল শনিবার) রাজধানীর মিরপুরের ব্লাইন্ড এডুকেশন অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের স্কুলে প্রথমবারের মতো দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত 'যুক্তি আলোয় দেখি' বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**৯। আধুনিক শিক্ষার সঙ্গে সততা ও ন্যায়নিষ্ঠার দীক্ষাও জরুরি :**
**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্বায়নের সঙ্গে তাল মিলিয়ে চলতে প্রয়োজন আধুনিক শিক্ষা। তবে আধুনিক শিক্ষার সঙ্গে সঙ্গে শিক্ষার্থীদের সততা ও ন্যায়নিষ্ঠার দীক্ষাও জরুরি। মন্ত্রী আরো বলেন, বর্তমানে কৃষিশিক্ষা আধুনিক পর্যায়ে চলে এসেছে। এ দেশের কৃষি ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে কৃষিবিদ ও কৃষকদের অবদান অনস্বীকার্য। গতকাল (২১ এপ্রিল শনিবার) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের অভিষেক ও পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫)।

**১০। মাছের উৎপাদন বাড়াতে দুর্গম এলাকার সঙ্গেও যোগাযোগ উন্নত করা হবে : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী**

মাছের উৎপাদন বাড়াতে দুর্গম এলাকার সঙ্গেও যোগাযোগ উন্নয়নে পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ন চন্দ্র চন্দ। তিনি বলেন, উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলায় সকলকে একযোগে কাজ করতে হবে। গতকাল (২১ এপ্রিল শনিবার) ঢাকায় কৃষিবিদ ইন্সটিটিউশন মিলনায়তনে 'উন্নয়ন অভিযাত্রায় মৎস্যখাত : টেকসই, স্বয়ংসম্পূর্ণতা ও এসডিজি প্রেক্ষিত' শীর্ষক কর্মশালায় তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সরকারি প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ একাধিক নিয়োগ পরীক্ষা একই দিনে ও একই সময়ে অনুষ্ঠিত হওয়া নিয়ে সৃষ্ট সমস্যার সমাধানে কর্তৃপক্ষের প্রতি প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান।

খ. **জনকণ্ঠ, যায়যায়দিন** : এবারের কমনওয়েলথ সম্মেলনে বাংলাদেশের বলিষ্ঠ ও কার্যকর অংশগ্রহণে বিশ্বনেতারা বাংলাদেশের ব্যাপারে নতুন করে ইতিবাচক চিন্তা করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সমকাল :** পার্বত্য চট্টগ্রামের পাহাড়ে 'জঙ্গল' সাফ করে তথাকথিত 'বন সৃজন' এবং উন্নয়নের নামে বন কেটেই পাহাড়কে বিপন্ন করে তোলার বিষয় তুলে ধরে কর্তৃপক্ষের প্রতি পরিবেশ রক্ষার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** জীবনধারণের উপযোগী মজুরির মাত্র ১৪ শতাংশ বাংলাদেশি গার্মেন্টস শ্রমিকরা পান, যা প্রতিযোগী দেশগুলোর তুলনায় সবচেয়ে কম-অ্যাকশনএইড জরিপে তা প্রকাশিত হওয়ায় শ্রমিকের ন্যায্য মজুরির পাশাপাশি কর্মপরিবেশের উন্নয়নও জরুরি বলে অভিমত।

ঙ. **যুগান্তর :** রেললাইনে পর্যাপ্ত পাথর থাকার পরিবর্তে আবর্জনা থাকার বিষয় তুলে ধরে রেলওয়েতে অবিলম্বে প্রয়োজনীয় দক্ষ জনবল নিয়োগ দিয়ে রেললাইনগুলোর সংস্কার করে ট্রেন চলাচল ঝুঁকিমুক্ত করার আহ্বান।

চ. **ইনকিলাব :** এবার হালদা নদীতে রেকর্ড পরিমাণ ডিম সংগ্রহ হওয়ার চিত্র তুলে ধরে নদীটি রক্ষায় সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সবসময় আন্তরিক থাকার প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : রাজধানীর সড়কগুলোর ৩০ শতাংশই অবৈধ পার্কিংয়ে থাকায় স্বাভাবিক যানচলাচল ব্যাহত হওয়ায় এসব অবৈধ পার্কিংয়ের বিরুদ্ধে ট্রাফিক পুলিশকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান** : আসন্ন বর্ষা মৌসুমে পাহাড়ি অঞ্চলে সম্ভাব্য ভূমিধস ও পাহাড়ধসের ক্ষয়ক্ষতি মোকাবিলায় জরুরি ভিত্তিতে এখনই সতর্কতামূলক পদক্ষেপ নেওয়ার সুপাশি।

ঝ. **ডেইলি স্টার** : ইয়াবার ক্ষতিকর প্রভাব থেকে তরুণ প্রজন্মকে রক্ষার্থে ইয়াবা ব্যবসা কঠোরভাবে প্রতিহত করার ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউজ টুডে :** বেপরোয়া গাড়ি চালানোই সড়ক দুর্ঘটনার প্রধান কারণ হওয়ায় জড়িত গাড়ি চালকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ট. **নিউ এজ :** মানবপাচার সংক্রান্ত মামলাগুলোর জন্য পৃথক ট্রাইব্যুনালের ব্যবস্থা করে মামলাগুলোর নিষ্পত্তির সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকার ক্রেতাদের স্বার্থরক্ষার ব্যাপারে আন্তরিক না হলে ভোক্তার অধিকার কখনই আদায় হবে না।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর বিকাশে আনন্দময় শৈশব অপরিহার্য'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ছোটবেলা থেকে শিশুদের খেলাধুলায় অভ্যস্ত করতে পারলে তাদের শৈশব অবশ্যই আনন্দময় হবে।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা